কবিতা/গল্প প্রকাশ

নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত
করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

হলি ডে
হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :**- তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 18 JANUARY 2026 ,SUNDAY | ১৮ জানুয়ারি ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-50

## জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের উদ্বোধনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি : উত্তরবঙ্গের বিচারব্যবস্থায় এক ঐতিহাসিক অধ্যায়ের সূচনা হল। দীর্ঘদিনের অপেক্ষার অবসান ঘটিয়ে জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। শনিবার অনুষ্ঠিত এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই স্থায়ী ভবনের উদ্বোধনের ফলে জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার বিচারপ্রার্থীদের আর কলকাতায় যেতে হবে না। ফলে সময় ও খরচ—দু'দিক থেকেই উপকৃত হবেন সাধারণ মানুষ। ২০১২ সালে জলপাইগুড়ি স্পোর্টস কমপ্লেক্স ময়দানে সার্কিট বেঞ্চের স্থায়ী পরিকাঠামোর শিলান্যাস হয়। ২০১৯ সালে জেলা পরিষদের ডাকবাংলোতে অস্থায়ীভাবে সার্কিট বেঞ্চের কাজ শুরু হয়। একই বছরে পাহাড়পুর এলাকায় স্থায়ী ভবন নির্মাণের কাজ শুরু হয়। বর্তমানে পাহাড়পুর এলাকায় ৩১ডি জাতীয় সড়কের পাশে ৪০ একর জমির উপর এই স্থায়ী পরিকাঠামো নির্মিত হয়েছে।পাঁচতলা বিশিষ্ট এই মূল আদালত ভবনে মোট ১৩টি আদালত কক্ষ তৈরি করা হচ্ছে। এর মধ্যে পাঁচটি ডিভিশন বেঞ্চ এবং সাতটি সিঙ্গেল বেঞ্চের পরিকাঠামো রয়েছে। ইতিমধ্যেই প্রধান বিচারপতির আদালত সহ পাঁচটি আদালত কক্ষের কাজ সম্পন্ন হয়েছে। বাকি কক্ষগুলির নির্মাণকাজ চলছে।

## উন্নয়নের পাঁচালীর ১৫ বছরের রির্পোট কার্ড নিয়ে বাড়ি বাড়ি যাচ্ছেন প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি



নিজস্ব সংবাদদাতা, এই যুগ , হাওড়া, ১৭ জানুয়ারি : হাওড়ার শিবপুর কেন্দ্রের অন্তর্গত ,৫০ নম্বর ওয়ার্ডের সিটি আই ভারতমাতা ২ নম্বর কলোনি তে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর উন্নয়নের সংলাপ উন্নয়নের পাঁচালীর ১৫ বছরের রির্পোট কার্ড নিয়ে প্রত্যেকটি বাড়ি বাড়ি যাচ্ছেন শিবপুর কেন্দ্রের বিধায়ক তথা ক্রীড়া ও যুব কল্যাণ প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি । রাজ্যের মুখ্যমন্ত্রীর জনমুখী প্রকল্পের এই প্রচার ইতিমধ্যেই মানুষের মন জয় করেছে ।

## মালদহ থেকে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ১৭ জানুয়ারি : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরে পশ্চিমবঙ্গে এসে পৌঁছান শনিবার। সফরের প্রথম দিন শনিবার হেলিকপ্টার করে তিনি এসে পৌঁছান মালদহ রেল স্টেশন লাগোয়া রেল ব্যারাকের হেলিপ্যাডে। সেখান থেকে তিনি মালদহ রেল স্টেশনের এক নম্বর প্ল্যাটফর্মে যান ও সবুজ পতাকা নেড়ে উদ্বোধন করেন ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের। ট্রেনটি হাওড়া থেকে কামাখ্যা পর্যন্ত চলবে। এছাড়াও তিনি বাংলা থেকে আরও ছটি ট্রেনের উদ্বোধন করেন ভার্চুয়ালি । এরপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পুরাতন মালদহ বাইপাস লাগোয়া ময়দানে পরিবর্তন সংকল্প সভায় যোগ দেন। সভায় তিনি পশ্চিমবঙ্গের শাসক দলের বিরুদ্ধে কঠোর সমালোচনা করেন। বাংলার উন্নয়ন এর জন্য প্রয়োজন বিজেপির সরকার। বাংলার প্রধান সমস্যা অনুপ্রবেশ। তৃণমূল শাসনে অনুপ্রবেশকারীদের বাংলা থেকে উচ্ছেদ করা সম্ভব নয় বলে মন্তব্য করে তিনি জানান বাংলায় বিজেপি সরকার হলে অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহন করা সম্ভব হবে। বাংলার সার্বিক উন্নয়নের জন্য আসন্ন বিধানসভা নির্বাচনে বিজেপির সরকার গঠনের আবেদন জানান তিনি। এদিনের কর্মসুচীতে উপস্থিত ছিলেন বালুরঘাটের সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যান্য নেতৃত্ব।

## আরপিএফ এর তৎপরতার প্রায় লক্ষাধিক টাকা ফেরত পেল যাত্রী




গোপাল যাদব, এই যুগ, পশ্চিম মেদিনীপুর, ১৭ জানুয়ারি : রেল রক্ষী বাহিনীর তৎপরতায় প্রায় লক্ষাধিক টাকা ফেরত পেল এক যাত্রী। ঘটনা টি ঘটেছে আজ শনিবার চন্দ্রকোনারোড স্টেশনে । বলরাম গরাই নামক এক ব্যাক্তি আজ সকালে তাড়াহুড়োর কারনে নিজের দামী ব্যাগটি স্টেশনে রেখে আসানসোলগামী ট্রেনে চেপে যান। পরিত্যক্ত ব্যাগটি কর্তব্য রত রেল রক্ষী বাহিনীর চোখে পরে, মালিকের খোঁজ করতে থাকেন কিন্তু খোঁজ না পাওয়ায় বিভিন্ন স্টেশনে ঘোষণা করান। পরে ব্যাগটি র প্রকৃত মালিকের হাতে তুলে দেন আরপিএফ । ব্যাগটি পেয়ে বলরাম বাবু বলেন রেল রক্ষী বাহিনীর তৎপরতা জন্য আমি আমার দামী ব্যাগটি ফিরে পেলাম , আমার মতো বহু যাত্রী তাদের হারিয়ে যাওয়া জিনিস ফিরে পায় ওনাদের তৎপরতার জন্য। পাশাপাশি ধন্যবাদ জানান চন্দ্রকোনারোড আউট পোস্টের রেল রক্ষী বাহিনীকে।

# আলিপুরদুয়ার জংশন থেকে ভার্চুয়ালি দুটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৭ জানুয়ারি : আলিপুরদুয়ার জংশন থেকে শনিবার ভার্চুয়ালি দুটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন মালদহ থেকে তিনি ভার্চুয়ালি ট্রেন দুটির উদ্বোধন করেন। ট্রেন দুটি হলো আলিপুরদুয়ার জংশন থেকে এস এম ভিটি বেঙ্গালুরু ও অপরটি হলো আলিপুরদুয়ার জংশন থেকে নেভেলি মুম্বাই। ট্রেন দুটির উদ্বোধন উপলক্ষে আলিপুরদুয়ার জংশন স্টেশনে উপস্থিত ছিলেন সাংসদ মনোজ টিপ্পা, আলিপুরদুয়ার জংশন বিভাগের ডি আর এম দেবেন্দ্র কুমার সিং সহ অন্যান্য আধিকারিকগন। ডি আর এম দেবেন্দ্র কুমার সিং জানান সাধারন মানুষের চাহিদা ও দাবি অনুসারে এই ট্রেন দুটি চালু করা হয়েছে। ট্রেন দুটিতে থাকবে অত্যাধুনিক সুবিধা, প্রতিটি কামরায় সি সি টি ভি। মোট বাইশটি করে কামরা থাকবে এর মধ্যে এগারোটি জেনারেল কামরা, আটটি স্লিপার কোচ, দুদিকে দুটি গার্ডের কামরা সহ দিব্যাঙ্গজন কামরা এবং একটি প্যান্ট্রি কার। দুদিকেই দুটি ইঞ্জিন থাকবে। সাংসদ মনোজ টিপ্পা বলেন উত্তরবঙ্গ সহ উত্তর পূর্বাঞ্চলের সাথে সারা দেশের যোগাযোগ ব্যবস্থার বিকাশ ঘটাবে এই ট্রেন পরিষেবা। এদিন নিউ জলপাইগুড়ি থেকে তিরুচিরাপল্লী আরেকটি ট্রেনের ও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। সাংসদ বলেন নতুন নতুন ট্রেন পরিষেবার ফলে উত্তরের বানিজ্য ও পর্যটন শিল্পে গতি আসবে, উন্নতি ঘটবে বাংলার আর্থ সামাজিক ক্ষেত্রের বাড়বে কর্মসংস্থানের সুযোগ।

# শামুকতলায় যাতায়াতের রাস্তা কাটলেন রাতের অন্ধকারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ জানুয়ারি : শাসক দল যখন উন্নয়নের পাঁচালী নিয়ে প্রচার করছে শামুকতলা গ্রাম পঞ্চায়েত এলাকায় ঠিক সেই সময়ে উন্নয়নের প্রশ্ন তুলে রাস্তা কেটে দিলেন। রাস্তা কাটা দেখে বিক্ষোভ দেখালেন বানিয়ার ডাবরি এলাকার বাসিন্দারা। এমনকি ভোট বয়কটের হুমকিও দিলেন তারা। বেহাল রাস্তার দরুন দুর্ঘটনার পাশাপাশি বর্ষাকালে হাসপাতালে যাওয়ার সময় রাস্তায় সন্তান প্রসবের ঘটনাও ঘটেছে এমনটাও জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে। বিধানসভা ভোটের আগে শামুকতলা থেকে পানবাড়ি যাওয়ার রাস্তা পাকা না হলে এলাকায় ভোট চাইতে আসতে পারবেন না নেতারা মহিলারা ঝাড়ু হাতে দাঁড়িয়ে থাকবেন এমন বার্তাও দিলেন এলাকার গ্রাম মন্ডল। বানিয়ার ডাবরি এলাকায় কোন উচ্চমাধ্যমিক স্কুল নেই ফলে ছাত্র-ছাত্রীদের শামুকতলা এলাকাতে যেতে হয়। স্কুলে যেতে গিয়ে মাঝেমধ্যেই বিপাকে পড়তে হয় ছাত্র-ছাত্রীদের। যদিও গ্রাম পঞ্চায়েত প্রধান জানিয়েছেন খুব শীঘ্রই ওই রাস্তা সংস্কার হবে।

# দু'বছর যাবত বন্ধ রাস্তা দিয়ে যাতায়াত , প্রশ্ন উন্নয়ন নিয়ে




নিজস্ব সংবাদদাতা, এই যুগ , হাওড়া, ১৭ জানুয়ারি : SIR এর নামে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার চক্রান্তের বিরুদ্ধে এবং লিগ্যাল ডিসক্রিপান্সিসের নামে অযথা বৈধ ভোটারদের হেয়ারিং-এর নামে হয়রানি ও হেনস্থা করার বিরুদ্ধে প্রতিবাদ সভায় মন্ত্রী মনোজ তিওয়ারি। বালিটিকুরী শেখপাড়া স্টার স্পোর্টিং ক্লাব মাঠে মন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন শিবপুর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস সভাপতি মহেন্দ্র শর্মা ,শিবপুর কেন্দ্রের মাইনরিটি সেল এর সভাপতি সামসাদ আলম ,শিবপুর কেন্দ্রের তৃণমূল মহিলা কংগ্রেস এর সভানেত্রী করবী ঘোষ ,হাওড়া জেলা তৃণমূল কংগ্রেস এর সাধারণ সম্পাদক পার্থ সারথি অধিকারী সহ তৃণমূল কংগ্রেস কর্মীবৃন্দরা।

**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



# শামুকতলায় বালি চুরি দিয়ে পরিদর্শনে কুমারগ্রামের বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ জানুয়ারি : কুমারগ্রাম বিধানসভা এলাকায় বালিচুরির অভিযোগ নিয়ে দীর্ঘদিন থেকেই অভিযোগ তুলছিলেন কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার। কুমারগ্রাম বিধানসভার কুমার গ্রাম ছাড়াও শামুকতলা থানা এলাকায় চলছে বালিচুরির ঘটনা। এদিন বালি চুরির ঘটনা স্বচক্ষে পরিদর্শন করতে শামুকতলা বানিয়ে এলাকায় এসেছিলেন বিধায়ক মনোজ কুমার ওরাও এমনটাই জানা গেছে বিধায়কের কাছ থেকে শনিবার বিকেল সাড়ে চারটা নাগাদ। এদিন বানিয়ারডাবরি এলাকায় সাধারণ মানুষের পাশাপাশি কচিকাঁচার সঙ্গেও কথা বলেন বালিচুরি নিয়ে। তিনি এদিন প্রশাসনিক কর্তাদের বিরুদ্ধে গর্জে উঠেন। স্পষ্টভাবে জানিয়ে দেন বিজেপির কর্মকর্তারা থানায় গিয়ে বিষয়টি নিয়ে কথা বলবেন । এরপরেও যদি বালিচুরি বন্ধ না হয় তাহলে জবাবদিহি থানার ওসি কে করতে হবে। শামুকতলা থানার বিভিন্ন নদী থেকে রাতের অন্ধকারে চলছে বালি চুরি। বালি চুরির ফলে গাড়ির চালকদের দাপটে রাতের ঘুম উড়ে গেছে শামুকতলা থানার বিভিন্ন প্রান্তের মানুষের।

# নির্বাচন কমিশনের ওপর ক্ষোভ উগরে দিয়ে ময়নাগুড়িতে বিএলও দের বিক্ষোভ



কনক অধিকারী ,এই যুগ, জলপাইগুড়ি, ১৭ জানুয়ারি : নির্বাচন কমিশনের একের পর এক নতুন নির্দেশিকা এবং কাজের চাপে দিশেহারা ময়নাগুড়ি ব্লকের বুথ লেভেল অফিসার বা বিএলও-রা । সাধারণ ভোটারদের হয়রানি বন্ধ করা এবং কাজের সুষ্ঠু পরিবেশের দাবিতে শুক্রবার ময়নাগুড়ি বিডিও অফিসে নির্বাচন কমিশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের কাছে ডেপুটেশন দিলেন কর্মরত বিএলও-রা। 'বিএলও রক্ষা কমিটি'র পক্ষ থেকে এদিন স্পষ্ট জানানো হয়, সঠিক পরিকাঠামো ও নির্দিষ্ট নির্দেশিকা ছাড়া ফিল্ডে কাজ করা অসম্ভব হয়ে পড়ছে।আন্দোলনরত বিএলও-দের অভিযোগ, নির্বাচন কমিশন প্রায় প্রতিদিনই নির্দেশিকা পরিবর্তন করছে। এর ফলে ফিল্ডে কাজ করতে গিয়ে চরম বিভ্রান্তির মুখে পড়তে হচ্ছে তাঁদের। বিশেষ করে ২০০২ সালের ভোটার তালিকায় নাম থাকা সত্ত্বেও বহু মানুষের কাছে পুনরায় নোটিশ যাচ্ছে। যার ফলে একই বাড়িতে বারবার যেতে হচ্ছে বিএলও-দের। এতে যেমন সময়ের অপচয় হচ্ছে, তেমনই সাধারণ মানুষের ক্ষোভের মুখে পড়তে হচ্ছে তাঁদের। নির্বাচন কমিশনকে অস্পষ্ট নির্দেশিকা বন্ধ করে সঠিক ও স্থায়ী গাইডলাইন জারি করতে হবে।সাধারণ মানুষকে যাতে বারবার নথিপত্র নিয়ে হেনস্থার শিকার না হতে হয়, তা নিশ্চিত করতে হবে।একই কাজ বারবার করার যে 'অমানবিক' চাপ তৈরি করা হচ্ছে, তা অবিলম্বে বন্ধ করতে হবে।এদিন বিএলও রক্ষা কমিটির প্রতিনিধিরা জানান, "আমরা মানুষের পরিষেবা দিতে চাই, কিন্তু কমিশনের পরিকল্পনাহীন কাজের খেসারত দিতে হচ্ছে আমাদের। যদি দ্রুত এই সমস্যার সমাধান না হয়, তবে আগামীতে কাজ করা কঠিন হয়ে দাঁড়াবে।"বিডিও অফিসের পক্ষ থেকে ডেপুটেশন গ্রহণ করা হয়েছে এবং বিষয়টি ঊর্ধ্বতন aকর্তৃপক্ষকে জানানোর আশ্বাস দেওয়া হয়েছে। এখন দেখার, নির্বাচন কমিশন বিএলও-দের এই দীর্ঘদিনের দাবিদাওয়া নিয়ে কী পদক্ষেপ নেয়।


**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |